

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারকনং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৬.২২.৬৬১

তারিখ- ৩০/০৬/২০২২ খ্রি.


বিষয় : আদায়কৃত সেবামূল্যের অনুমোদিত বিভাজন অনুযায়ী প্রকল্প সদর দপ্তরের হিস্যা প্রেরণ।

সূত্র : স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩.৪৭, তারিখ-০৭/১১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়যোগ্য সেবামূল্যের হার ৮% এবং উক্ত ৮% সেবামূল্যের মধ্যে ০.৫০% প্রকল্প সদর দপ্তরের হিস্যা নির্ধারিত রয়েছে। সে আলোকে সূত্রস্থ পত্রের নির্দেশনা অনুযায়ী কার্যকরের তারিখ অর্থাৎ ০১/১২/২০২১ খ্রি. হতে আদায়কৃত ঋণের বিপরীতে প্রাপ্ত সেবামূল্য ৮% হতে ০.৫০% সদর দপ্তরে প্রেরণযোগ্য।

এমতাবস্থায়, ০১/১২/২০২১ খ্রি. হতে ৩০/০৬/২০২২ খ্রি. পর্যন্ত আদায়কৃত সেবামূল্য সূত্রস্থ পত্রের বিভাজন অনুযায়ী সংযুক্ত ছক মোতাবেক হিসাব করত: প্রকল্প সদর দপ্তরের হিস্যা ০.৫০% বাবদ অর্জিত অর্থ আগামী ০৭/০৭/২০২২ খ্রি. তারিখের মধ্যে IRESPPW,BRDB ,DHAKA শিরোনামে ক্রসচেক (MICR চেক)/ডিডি'র মাধ্যমে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রস্তুতকৃত ক্রসচেক (MICR চেক)/ডিডি'র সাথে বর্ণিত ছক সংযুক্ত করে প্রেরণ করতে হবে এবং যে সকল উপজেলা হতে ইত:মধ্যে ক্রসচেক (MICR চেক)/ডিডি প্রেরণ করা হয়েছে তাদের ক্ষেত্রে শুধুমাত্র ছকে তথ্য প্রেরণ করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোন নং- ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার

উপজেলা:, জেলা: (প্রকল্প/কর্মসূচিভূক্ত সকল উপজেলা)।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি. জেলা: (সংশ্লিষ্ট সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো, বিআরডিবি..... (সংশ্লিষ্ট সকল উপজেলা)।
৫. হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি..... (সংশ্লিষ্ট সকল উপজেলা)।
৬. অফিস কপি।

